

যুগান্তর

প্রিন্ট: ২১ সেপ্টেম্বর ২০২৫, ০৩:১০ পিএম

শিক্ষাঙ্গন

চাকসু নির্বাচন

ছাত্রদলের প্যানেল ঘোষণা



চবি প্রতিনিধি

প্রকাশ: ১৮ সেপ্টেম্বর ২০২৫, ০২:০৪ পিএম



ভিপি প্রার্থী সাজ্জাদ হোসেন হৃদয়, জিএস প্রার্থী সাফায়েত হোসেন ও এজিএস প্রার্থী আইয়ুবুর রহমান তৌফিক (বাঁ থেকে ডান)। ছবি: যুগান্তর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) ও হল সংসদ নির্বাচনে প্যানেল ঘোষণা করেছে জাতীয়তাবাদী ছাত্রদল। এতে সহ-সভাপতি (ভিপি) পদে সাজ্জাদ হোসেন হৃদয়, সাধারণ সম্পাদক (জিএস) পদে সাফায়েত হোসেন এবং যুগ্ম-সাধারণ সম্পাদক (এজিএস) পদে আইয়ুবুর রহমান তৌফিককে মনোনীত করা হয়েছে।

মনোনয়নপত্র জমার শেষ দিন আজ

বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) দুপুর দেড় টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বুদ্ধিজীবী চত্বরে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক নাছির উদ্দিন নাছির এ প্যানেল ঘোষণা করেন।

